গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
স্থানীয় সরকার
www.narsingdi.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৬৮০০.১০৯.০৭.০৭১.২৩- ০৮

তারিখ: ২৬ পৌষ ১৪৩০ / ১০ জানুয়ারী ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার ১২/০৯/২০২৩ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১-৭৯ নং এবং ২৩/১১/২০২৩ খ্রি: তারিখের ৪৬.০১৭.০১১.০০.০০.০০১.১১ (অংশ-১)-৯৩৬ নং স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে নরসিংদী জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে ইউনিয়ন পরিষদ সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগ এবং প্যানেল প্রস্তুতের (প্রযোজ্য ক্ষেত্রে) লক্ষ্যে নিম্নবর্ণিত জাতীয় স্কেল ও শর্তাদি স্বাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ সচিব | ১১ টি | গ্রেড-১৪<br>বেতন স্কেল ১০২০০-২৪৬৮০/- টাকা<br>(তৎসহ সরকার অনুমোদিত অন্যান্য ভাতাদি সরকার কর্তৃক ৭৫% ও ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% পরিশোধযোগ্য) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ০২ | হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ০৮ টি | গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- টাকা<br>(তৎসহ সরকার অনুমোদিত অন্যান্য ভাতাদি সরকার কর্তৃক ৭৫% ও ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% পরিশোধযোগ্য) | ক) কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় বাণিজ্য বিভাগ হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ পেয়ে উত্তীর্ণ<br>খ)কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>গ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ শব্দ এবং ইংরেজিতে কমপক্ষে ২০ শব্দ। |

**২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই প্রতিপালন করতে হবে:**

ক। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

খ। প্রার্থীর বয়সসীমা আবেদনের শেষ তারিখে (১৫/০২/২০২৪ খ্রি:) ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের সন্তান, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের সন্তানের সন্তান এবং শারিরীক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

গ। সরকারি চাকুরী কিংবা কোন বিধিবদ্ধ সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার অনাপত্তিপত্র দাখিল স্বাপেক্ষে আবেদন করতে হবে।

ঘ। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

ঙ। চাকুরীর জন্য আবেদন অনলাইনে আগামী **১৫ জানুয়ারী ২০২৪ তারিখ সকাল ১০.০০ টা হতে ১৫ ফেব্রুয়ারী ২০২৪** বিকাল ৫.০০টা পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

চ। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মোতাবেক লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

ছ। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**৩। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcnarsingdi.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান **শুরুর তারিখ ও সময়: ১৫/০১/২০২৪ খ্রি. সকাল ১০.০০টা।**

(ii) Online-এ আবেদনপত্র **জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫/০২/২০২৪ খ্রি. বিকাল ০৫.০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভূলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী user id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। **Applicant's copy-তে যে User ID নম্বর দেয়া থাকবে তা ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি ২০০/- টাকা+teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকাসহ সর্বমোট ২২৩/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।** এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

ধাপ-১:

প্রথম SMS: DCNARSINGDI User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCNARSINGDI ABCDEF

Reply: Applicant's Name, Tk. 223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCNARSINGDI Yes PIN and send to 16222.

ধাপ-২:

দ্বিতীয় SMS: DCNARSINGDI Yes PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCNARSINGDI YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCNARSINGDI Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcnarsingdi.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষার সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।**

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DCNARSINGDI Help User User ID & Send to 16222
Example: DCNARSINGDI Help 12345678 & Send to 16222

(ii) PIN Number জানা থাকলে: DCNARSINGDI Help PIN PIN No & Send to 16222.
Example: DCNARSINGDI Help PIN 12345678 & send to 16222.

(ঝ) **অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকান থেকে আবেদন/টাকা জমাদান করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.quary@teletalk.com.bd বা dcnarsingdi@mopa.gov.bd বা ddlgnarsingdi@yahoo.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৪। প্রার্থীর যোগ্যতা যাচাই:

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়নপত্র/অনাপত্তিপত্র/সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

ক. অনলাইনে পূরনকৃত আবেদনপত্র (Aplicant's copy) ও প্রবেশপত্র (Admit card)

খ. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ

গ. নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ

ঘ. জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ

ঙ. প্রথম শ্রেণির গেজেটড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

চ. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি পত্র।

ছ. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

জ. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ঝ. অন্যান্য কোটা যেমন- এতিম, শারিরীক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার-ভিডিপি কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

৫। নিয়োগ পরীক্ষার তারিখ ও অন্যান্য তথ্য www.narsingdi.gov.bd ওয়েবসাইট অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের পোর্টাল http:alljobs.teletalk.com.bd হতে; অথবা নিম্নোক্ত QR code স্ক্যান করে জানা যাবে।

৬। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা ও চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

৭। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। যদি বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন; এবং এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। উপরে উল্লিখিত হয়নি এমন কোন বিষয়ে সর্বশেষ জারীকৃত বিধি বিধান অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত হবে।

১১। হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়া হবে।

১২। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার রাখে।

ড. বদিউল আলম
জেলা প্রশাসক
ফোন: +৮৮০২৯৪৬২৪৮৬
ফ্যাক্স: +৮৮০২-৯৪৬৪৪৩৩
ই-মেইল:dcnarsingdi@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৬৮০০.১০৯.০৭.০৭১.২৩- ০৮

তারিখ: ২৬ পৌষ ১৪৩০
১০ জানুয়ারী ২০২৪

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। বিভাগীয় কমিশনার, ঢাকা

৩। পুলিশ সুপার, নরসিংদী ও সদস্য, ইউনিয়ন পরিষদ সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী

৫। সিভিল সার্জন, নরসিংদী

৬। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং#৩/এ, ৫/এ,৭/এ রোড#১৭, গুলশান ১, ঢাকা-১২১৭

৭। মেয়র, নরসিংদী পৌরসভা ও সদস্য, ইউনিয়ন পরিষদ সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

৮। মেয়র/প্রশাসক (সকল), ...................., পৌরসভা, নরসিংদী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

৯। উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর/ পলাশ/ শিবপুর/মনোহরদী/ বেলাব/রায়পুরা, নরসিংদী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

১০। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর/ পলাশ/ শিবপুর/মনোহরদী/ বেলাব/রায়পুরা, নরসিংদী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

১১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নরসিংদী ও সদস্য, ইউনিয়ন পরিষদ সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

১৩। সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, নরসিংদী (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

১৪। জেলা তথ্য অফিসার, নরসিংদী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

**১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, .......................................... নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের অনুরোধ করা হলো।**

১৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নরসিংদী

১০/১/২৪

জেলা প্রশাসক
নরসিংদী